

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ Insurance Development & Regulatory Authority (IDRA)


বীঃউঃনিঃক/জিএডি/১০০৩/২০১১-১২০৮

তারিখঃ শ্রাবণ ০৯, ১৪১৯ বঙ্গাব্দ
জুলাই ২৪, ২০১২ খ্রিস্টাব্দ

সার্কুলার নং-জিএডি-১০/২০১২

বিষয়ঃ বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহ কর্তৃক কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোন দালান/ ভূমি
ক্রয়/আহরণ/ নির্মাণ না করা প্রসঙ্গে।

সম্প্রতি বীমা কোম্পানী/কর্পোরেশনসমূহ কর্তৃক দালান/ভূমি ইত্যাদি স্থাবর সম্পত্তি ক্রয়/আহরণ/নির্মাণের ক্ষেত্রে অব্যবস্থাপনা লক্ষ্য করা যাচ্ছে। জীবন বীমা কোম্পানী/কর্পোরেশন কর্তৃক এ ধরনের সম্পদ ক্রয়/ আহরণ/ নির্মাণের ক্ষেত্রে জীবন বীমা কোম্পানীসমূহের পলিসি হোল্ডারদের স্বার্থ সরাসরি সংশ্লিষ্ট থাকে। অন্যদিকে নন-লাইফ বীমা কোম্পানী/কর্পোরেশন কর্তৃক এ ধরনের সম্পদ ক্রয়/আহরণ/নির্মাণের ক্ষেত্রে শেয়ার হোল্ডারদের স্বার্থ সংশ্লিষ্ট থাকে। সম্পদ ক্রয়/আহরণ/নির্মাণের ক্ষেত্রে নিয়মের ব্যত্যয় হলে পলিসি হোল্ডার এবং শেয়ার হোল্ডারদের স্বার্থ ক্ষুণ্ণ হয়। তা ছাড়া সম্পদ একই খাতে অতিরিক্ত কেন্দ্রীভূত হলে ঝুঁকির মাত্রাও বৃদ্ধি পায় যা প্রতিষ্ঠানের অস্তিত্বকে বিপদাপন্ন করতে পারে। এ প্রেক্ষিতে এখন থেকে বীমা কোম্পানী/কর্পোরেশন কর্তৃক দালান/ভূমি ইত্যাদি স্থাবর সম্পত্তি ক্রয়/আহরণ/নির্মাণের ক্ষেত্রে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পূর্বনুমোদন গ্রহণ করতে হবে। এ নির্দেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


(নব গোপাল বণিক)
সদস্য

প্রাপকঃ

১। মূখ্য নির্বাহী কর্মকর্তা

সকল বীমা কোম্পানী/কর্পোরেশন